

নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিসেফের সহায়তায় জেলা প্রশাসন, পটুয়াখালী কর্তৃক বাস্তবায়নাবীন "লোকাল গভর্নেন্স ফর চিলড্রেন" (এলজিসি) কর্মসূচীর জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র কর্মসূচীর মেয়াদকালীন সময়ের জন্য (১ বছর) নিম্নলিখিত পদে যোগ্যতা সম্পন্ন লোক নিয়োগ করা হবে।

ক্রমিক	পদের নাম, সংখ্যা, কর্মস্থল ও বেতন / ভাতাদি	যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	পদের নাম : উপজেলা কো-অর্ডিনেটর পদ সংখ্যা: ০১ জন কর্মস্থল: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কলাপাড়া, পটুয়াখালী বেতন / ভাতাদি: সর্ব সাকুল্যে - মাসিক বেতন ৩০,০০০/=	১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রী। তবে সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ২. শিশু ও মহিলা বিষয়ক উন্নয়ন কর্মসূচীতে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং, এ্যাডভোকেসী, নেটওয়ার্কিং, ফ্যাসিলিটেশন, দক্ষতাবৃদ্ধিকরণ, তথ্য সংগ্রহ, রিপোর্টিং ও কর্মীদের কারিগরী সহায়তা প্রদানে পারদর্শী হতে হবে। ৩. উপজেলা পর্যায়ের সরকারী ও বেসরকারী বিভাগসমূহের সাথে সমন্বয়সাধন ও সহযোগীতার মাধ্যমে বিভিন্ন কর্মসূচীতে" যোগাযোগ ও কমিউনিটির অংশগ্রহণ" সম্পর্কিত কাজের অভিজ্ঞতা ও দক্ষতা। ৪. বিকেন্দ্রীকৃত পরিকল্পনা পদ্ধতি, সামাজিক উদ্বুদ্ধকরণ ও কমিউনিটির ক্ষমতায়ন, শিশু ও মহিলাদের অধিকার বিষয়ক আধুনিক জ্ঞান ও দক্ষতা। ৫. স্থানীয় সরকারের প্রতিষ্ঠানসমূহ যেমন ইউনিয়ন ও উপজেলা পরিষদের সাথে কাজের অভিজ্ঞতা বাড়তি যোগ্যতা হিসেবে বিবেচিত। ৬. কম্পিউটার ব্যবহার করে ইংরেজী ও বাংলা ভাষায় প্রতিবেদন তৈরী, বিশ্লেষণ, পাওয়ারপয়েন্ট উপস্থাপনা ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা। ৭. ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে নিয়মিত ভাবে পরিদর্শন করার সক্ষমতা ও মানসিকতা।
২	পদের নাম : ইউনিয়ন কো-অর্ডিনেটর পদ সংখ্যা: ০৬ জন কর্মস্থল: কলাপাড়া উপজেলার যে কোন ০২ টি ইউনিয়ন। বেতন/ ভাতাদি: সর্বসাকুল্যে মাসিক বেতন ১৮,০০০/=	১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় / কলেজ থেকে স্নাতক ডিগ্রীধারী। তবে সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ২. কমিউনিটির অংশগ্রহণ, সামাজিক উদ্বুদ্ধকরণ ও আচরণ পরিবর্তনে যোগাযোগ কার্যক্রমের বিষয়ে পারদর্শী হতে হবে। ৩. শিশু ও মহিলা বিষয়ক পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে সহায়তা করা এবং প্রশিক্ষণ প্রদানে দক্ষতা ও অভিজ্ঞতা। ৪. যোগাযোগ, প্রশিক্ষণ পরিচালনা, ফ্যাসিলিটেশন, তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরীতে দক্ষতা। ৫. ইউনিয়ন পর্যায়ে অবস্থান করে ইউনিয়ন পরিষদ ও অন্যান্য সরকারী ও বেসরকারী বিভাগসমূহের সাথে কাজ করার ইচ্ছা ও গ্রাম/চরাঞ্চলে নিয়মিত পরিদর্শন করে কাজ করার মানসিকতা।

অন্যান্য শর্ত ও নিয়মাবলী :

- আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রসিদ ছবি, জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বর সহ), সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কাগজপত্র সহ আবেদনপত্র আগামী ১৭/০৯/২০১৯ ইং তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে সরকারী ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রাথমিক ভাবে বাঁছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য আহ্বান করা হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



স্মারক নম্বর-৪৬.১০.৭৮০০.০০৭.০৫.০১১.১৭-৪০০ (২৫)

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬
২৫ আগস্ট ২০১৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/ (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী।
২. উপজেলা নির্বাহী অফিসার(সকল), পটুয়াখালী।
৩. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪. প্রধান, ইউনিসেফ, বরিশাল।
৫. সম্পাদক, সংযুক্ত বিজ্ঞপ্তি ৭.৫ ইঞ্চি X ৩ কলাম ইঞ্চি সাইজে ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তাঁর বহল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৬. অফিস কপি।
৭. নোটিশ বোর্ড।
৮. মাস্টার ফাইল।


জেলা প্রশাসক
পটুয়াখালী